চ্যান্সেলরের প্রবিধান

Department of Education

ক্যাটেগরি: **শিক্ষার্থী** ইস্যুর তারিখ://15 নম্বর: **A-413**

বিষয়: স্কুলে সেল ফোন এবং অন্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতির ব্যবহার পৃষ্ঠা: 3 এর 1

সংক্ষিপ্তসার

এটি একটি নতুন প্রবিধান এটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ("ডিওই")নিচে উল্লিখিত সরঞ্জামের ধারণ এবং ব্যবহারের নীতি প্রতিষ্ঠিত করে: 1) সেল ফোন; 2) ল্যাপটপ, ট্যাবলেট, আইপ্যাড এবং অন্য একই ধরনের কমপিউটিং যন্ত্রপাতি("কমপিউটিং যন্ত্রপাতি"); এবং 3)স্কুলে ব্যবহারের জন্য বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম। স্কুলে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের বিভিন্ন সিস্টেম আনা অনুমোদিত। এই ধরনের জিনিসের ব্যবহার সম্পর্কে প্রত্যেক স্কুল অবশ্যই এই প্রবিধানের
সাথে সামঞ্জস্য রেখে একটি স্কুল-ভিত্তিক নীতি তৈরি করবে। এই প্রবিধান চ্যান্সেলরের প্রবিধান A-412-এর সেকশন V(D), V(E), V(F) এবং সংযুক্তি A-কে রহিত এবং স্থলাভিষিক্ত করে।

I. ডিওই-র নীতি

A. শিক্ষার্থীদের নিচে উল্লিখিত জিনিসগুলো স্কুলে আনার অনুমতি রয়েছে: 1) সেল ফোন; 2) ল্যাপটপ, ট্যাবলেট, আইপ্যাড এবং অন্য একই ধরনের কমপিউটিং যন্ত্রপাতি("কমপিউটিং যন্ত্রপাতি"); এবং 3) বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম (যেমন আইপড, এমপিথ্রি প্লেয়ার্স, পিএসপি এবং নিনটেনডো ডিএস)।[1]

B. সেল ফোন এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের যন্ত্রপাতি কোন স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় ব্যবহার বা বাজানো যাবে না।[2]

C. স্কুল কর্তৃক স্পষ্টভাবে অনুমোদিত অথবা কোন ব্যক্তিক শিক্ষা কর্মসূচিতে অন্তর্ভুক্ত বা সেকশন 504-এর বিশেষ সুবিধা পরিকল্পনায় না থাকলে স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় কোন কমপিউটিং যন্ত্রপাতি চালানো অথবা ব্যবহার করা যাবে।

D. স্কুলে ফায়ার ড্রিল অথবা অন্য কোন জরুরি প্রস্তুতির মহড়া চলাকালেও সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম চালানো বা ব্যবহার করা যাবে না।

E. এসব যন্ত্রপাতি অর্থাৎ সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সরঞ্জাম লকার রুম অথবা বাথরুমেও ব্যবহার করা যাবে না।

II. স্কুল-ভিত্তিক লিখিত নীতিমালা প্রতিষ্ঠা

A. প্রিন্সিপ্যালগণ অবশ্যই এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম ব্যবহার সম্পর্কিত স্কুল-ভিত্তিক নীতিমালা তৈরি করবেন এবং যেখানে নির্ধারিত থাকবে:

1. কোন পরিস্থিতিতে স্কুলে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম ব্যবহার করা যাবে; এবং
2. এই ধরনের সরঞ্জাম বাজেয়াপ্তকরণ, রক্ষণাবেক্ষণ এবং ফিরিয়ে দেবার প্রক্রিয়া।

B. স্কুল-ভিত্তিক নীতি তৈরিতে প্রিন্সিপ্যালগণ অবশ্যই স্কুল লিডারশিপ নেতৃত্বের("এসএলটি") সাথে পরামর্শ করবেন।

---

[1] চ্যান্সেলরের প্রবিধানA-412-এর সেকশন V(D),V(E),এবং V(F)এবং সংযুক্তি A এই প্রবিধান দ্বারা এখন থেকে রহিত হলো।

[2] স্টেট স্ট্যান্ডার্ডাইজড় পরীক্ষা চলাকালে স্কুলে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের বিভিন্ন সিস্টেমের ব্যবহার স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের নিয়মাবলী দ্বারা পরিচালিত হয়।

C. এছাড়া যেসব স্কুল ক্যাম্পাসে অবস্থিত, তাদের বিল্ডিং কাউন্সিল যৌথভাবে শেয়ার করা স্থানে যেমন অডিটোরিয়াম, হলওয়ে, এবং ক্যাফেটেরিয়ায় এইসব সরঞ্জাম ব্যবহারের জন্য অবশ্যই একটি লিখিত নীতি প্রণয়ন করবে।[3]

D. ২০১৪-২০১৫ স্কুল বছরের সকল স্কুল-ভিত্তিক নীতি অবশ্যই ২ মার্চ, ২০১৫ তারিখের মধ্যে গৃহীত হতে হবে এবং তারপর প্রতিবছরে ৩১ অক্টোবরের মধ্যে।.

E. For ২০১৪-২০১৫ স্কুল বছরে, স্কুল-ভিত্তিক নীতি গৃহীত হওয়া পর্যন্ত, প্রিন্সিপ্যালগণ অবশ্যই নিচের অন্তবর্তীকালীন নীতিসমূহের একটি প্রতিষ্ঠা করবেন এবং সেই নীতিগুলি অবশ্যই শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীদের জানাবেন:

1. শিক্ষার্থীরা স্কুলে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে নাও দেয়া হতে পারে; অথবা

2. তারা ঐসব যন্ত্র স্কুলে আনতে পারে, কিন্তু স্কুল বিল্ডিংয়ে প্রবেশের পর সেগুলি স্কুল কর্তৃক তাদের কাছ থেকে নিয়ে নেয়া হতে পারে এবং স্কুল দিবসের শেষ পর্যন্ত তা কোন নির্দিষ্ট স্থানে সংরক্ষিত রাখা হতে পারে। শিক্ষার্থীরা স্কুলে কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে নাও দেয়া হতে পারে।

F. ২০১৫-২০১৬ স্কুল বছর থেকে শুরু করে প্রতি বছর ৩১ অক্টোবরের মধ্যে, প্রতিটি স্কুল অবশ্যই এই মর্মে তার কনসলিডেটেড স্কুল এবং ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যান সার্টিফাই করাবে যে, তারা স্কুল সম্পত্তির মধ্যে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনমূলক যন্ত্রের ব্যবহার সম্পর্কিত একটি নীতি গ্রহণ করেছে এবং সেই নীতিটির বিষয়ে শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীদেরকে অবহিত করেছে।

III. স্কুল-ভিত্তিক নীতিমালা অবহিতকরণ

A. প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধান এবং স্কুল নীতি সম্পর্কে লিখিতভাবে প্রতিবছর ৩১ অক্টোবরের মধ্যে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মীদেরকে জানাবে। শুধু ২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য, এই অবহিতকরণের বিষয়টি স্কুল নীতি গৃহীত হবার ৩০ স্কুল দিবসের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।

B. প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধান এবং স্কুল নীতি সম্পর্কে ৩১ অক্টোবরের মধ্যে স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য একটি বার্ষিক পরিচিতি অনুষ্ঠান পরিচালনা করবে। শুধু ২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য, এই পরিচিতির বিষয়টি স্কুল নীতি গৃহীত হবার ৩০ স্কুল দিবসের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।

C. প্রতিটি স্কুল তাদের ওয়েবসাইটে অবশ্যই এই নীতি সম্পর্কিত নোটিস পোস্ট করবে।

IV. শিক্ষার্থী শৃঙ্খলা

যেসকল শিক্ষার্থী ডিওই-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413, এবং/অথবা ডিওই-র গ্রহণযোগ্য ইন্টারনেট ব্যবহার এবং সুরক্ষা নীতি("আইএইউএসপি") লঙ্ঘন করে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম এবং/অথবা বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম ব্যবহার করে তারা শৃঙ্খলা বিধিতে নির্ধারিত গাইডেন্স মধ্যস্থতা এবং শৃঙ্খলাজনিত যেসব নিয়মনীতি রয়েছে সেই অনুযায়ী শৃঙ্খলা লঙ্ঘনের শাস্তি লাভ করবে।

V. সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং হাতে বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম বাজেয়াপ্তকরণ

কোন স্কুল যদি ডিওই-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413 এবং/অথবা ডিওই-র আইএইউএসপি লঙ্ঘন করার করার কারণে কোন শিক্ষার্থীর সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, অথবা বহনযোগ্য মিউজিক অথবা বিনোদন সিস্টেম বাজেয়াপ্ত করে, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন। এই ধরনের সরঞ্জাম বাজেয়াপ্তকরণ এবং ফেরতদান অবশ্যই স্কুল নীতি অনুসারে হবে।

[3] একটি ক্যাম্পাসের প্রত্যেকটি স্কুলের ক্যাম্পাস নীতি সংক্রান্ত একটি ভোটের অধিকার থাকবে। সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত হবে। কোন ক্ষেত্রে ভোট সমান সমান হলে, বিল্ডিং কাউন্সিল অবশ্যই ক্যাম্পাস গভার্ননেন্স অফিসের সাথে যোগাযোগ করবে যাতে তারা সিদ্ধান্ত দিতে পারে।

VI. **অব্যাহতি**

স্কুল ব্যবস্থার স্বার্থ বিবেচনা করে এই প্রবিধানটি অথবা এটির যেকোন অংশের অব্যাহতিদানের অধিকার চ্যান্সেলরের রয়েছে।

VII. তদন্ত

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট

ফোন:	N.Y.C. Department of Education 52 Chambers Street, Room 218 New York, NY 10007	ফ্যাক্স:
212-374-4220		212-374-5751